

**বিষয়ঃ উপজেলা আইসিটি কমিটির জুন /২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি	জনাব এ কে এম শরীফুল হক উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর
সভার তারিখ	২৭ জুন ২০২৪খ্রি.
সভার সময়	১০:৩০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশ গ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল এর ভূমিকা অপরিসীম। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। উল্লেখিত কারণে সকল অফিসের ওয়েব পোর্টাল এর নিরাপত্তার জন্য <b>upper case, lower case, sign, symbol</b> এর সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোন অফিসের ওয়েব পোর্টাল থেকে বিভ্রান্তিমূলক/বিতর্কিত/সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন তথ্য আপলোড হলে এর দায় সংশ্লিষ্ট অফিসের।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল) সহকারী প্রোগ্রামার
০২	জয় সেট সেন্টার	স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে জয় সেট সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এই মর্মে বক্তৃতা করা হয়। উপজেলা ইঞ্জিনিয়ার জানান – অত্র উপজেলার নতুন ভবনের নির্মাধীন কাজ শেষ হলে, জয় সেট সেন্টার এর কাজ দ্রুত শুরু করা সম্ভব হবে এবং জয় সেট সেন্টারের মাধ্যমে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের দ্বারা স্মার্ট সার্ভিস ও দক্ষ জনশক্তি গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার ও সহকারী প্রোগ্রামার
০৩	শেখ রাসেল পদক ২০২৪ এর আবেদন আহ্বান	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষে প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস হিসেবে উদযাপিত হয়। উক্ত দিবস উপলক্ষে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু কিশোর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরীতে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করার জন্য অনলাইনে ( <a href="http://www.doict.gov.bd">www.doict.gov.bd</a> <a href="http://www.ictd.gov.bd">www.ictd.gov.bd</a> ) আবেদনপত্র আহ্বান করা হয়েছে। শেখ রাসেল পদক ২০২৪ এর আবেদন টি উপজেলা প্রশাসন, চিরিরবন্দর, দিনাজপুর এর ওয়েবপোর্টালে প্রকাশ এবং শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের মাঝে ব্যাপক প্রচার প্রচারণা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহকারী প্রোগ্রামার সংশ্লিষ্ট (সকল)
০৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, প্রতিষ্ঠান প্রধান (ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান) সংশ্লিষ্ট (সকল)

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ কে এম শরীফুল হক  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি  
চিরিরবন্দর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর  
[www.doict.chirirbandar.gov.bd](http://www.doict.chirirbandar.gov.bd)

স্মারক নং-৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২৪.২৯/১(৭)

তারিখঃ ২৭ জুন ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। . . . . . মাননীয় সভাপতি/সদস্য , ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।
- ২। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯, দিনাজপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ।
- ৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর ।
- ৫। চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) , উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।
- ৭। . . . . . সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।

(মোঃ মাইদুল ইসলাম)  
সহকারী প্রোগ্রামার  
ও  
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি  
চিরিরবন্দর, দিনাজপুর ।